

exyte

# আচরণবিধি

COMPLIANCE
» The right way « exyte

# Speak Up!

It's the right way.

# CODE OF CONDUCT

## সূচিপত্র


| | | |
|---|---|---|
| | বোর্ডের পক্ষ থেকে বার্তা | 05 |
| 01 \| | আমাদের COMPLIANCE সংস্কৃতি | 06 |
| 02 \| | COMPLIANCE এর দায়বদ্ধতা | 08 |
| 03 \| | কর্মীদের প্রতি দায়িত্ব | 10 |
| | 3.1 মানবাধিকার | 12 |
| | 3.2 DIVERSITY | 12 |
| 04 \| | ব্যক্তিগত ডেটা | 14 |
| 05 \| | স্বার্থের সংঘাত | 16 |
| 06 \| | কোম্পানির সংস্থান | 18 |
| | 6.1 সম্পদ | 18 |
| | 6.2 ডেটা | 18 |
| 07 \| | ঘুষ ও দুর্নীতি | 20 |
| | 7.1 আমাদের সাধারণ অবস্থান | 20 |
| | 7.2 ব্যবসায়িক অংশীদার | 20 |
| | 7.3 সরকারি কর্মকর্তা | 22 |
| | 7.4 জড়িত এজেন্ট এবং পরামর্শদাতা | 24 |
| | 7.5 অনুদান এবং পৃষ্ঠপোষকতার জন্য নিয়ম | 24 |
| 08 \| | আর্থিক রেকর্ডের জালিয়াতি এবং অখণ্ডতা | 26 |
| 09 \| | ন্যায্য শর্তে প্রতিদ্বন্দ্বিতা | 28 |
| 10 \| | নিষেধাজ্ঞা এবং রপ্তানি নিয়ন্ত্রণ | 30 |
| 11 \| | আচরণবিধি এর বাস্তবায় | 32 |
| | আপনার যোগাযোগের বিকল্প | 35 |

# EXECUTIVE BOARD



**Dr. Wolfgang Büchele**
Chief Executive Officer



**Elena Bashkeeva**
Chief Financial Officer



**Mark Garvey**
Chief Executive Officer Advanced Technology Facilities

exyte

# বোর্ডের পক্ষ থেকে বার্তা

**প্রিয় সহকর্মীবৃন্দ,**

আমাদের কোম্পানির নীতি হল সমস্ত ব্যবসায়িক ক্ষেত্র জুড়ে সর্বোচ্চ নৈতিকতা, ন্যায়পরায়ণতা এবং আইনি মান অনুযায়ী ব্যবসা পরিচালনা করা।

এর অর্থ হল, আমরা সব প্রযোজ্য আইন ও প্রবিধান মেনে চলি – এমনকি এর ফলে কোনো গুরুত্বপূর্ণ প্রজেক্টের কাজ না পেলেও বা ব্যবসার লক্ষ্য বিফল হলেও। তবে, Exyte-এ 'Compliance' আরও বেশি গুরুত্বপূর্ণ। আমরা ব্যবসায়িক অংশীদার এবং সহকর্মীদের সাথে অখণ্ডতা বজায় রেখে সম্মানের সাথে কাজ করি। Exyte-এ আমরা কোনোভাবেই অখণ্ডতা ও ন্যায্যভাবে ব্যবসা করার নীতি বিরুদ্ধ কাজ করে আয় এবং মুনাফা বৃদ্ধিতে আগ্রহী নই।

বিশ্বায়ন এবং ক্রমবর্ধমান জটিল নিয়ন্ত্রক পরিবেশের কারণে Compliance এর বিষয়গুলো আরও বেশি কঠিন হয়ে যাচ্ছে। এইসব কঠিন পরিস্থিতির মুখোমুখি হওয়ার কৌশল আয়ত্ত করতে আপনার সাহায্যের জন্য, Exyte-এর Code of Conduct এ আপনার দৈনন্দিন ব্যবসার জন্য নির্দেশিকা পাবেন। আমাদের Code of Conduct কোনো নীতিমালা নয় এর থেকেও বেশি কিছু। এটি আমাদের ব্যবসায়িক নীতির ভিত্তি এবং মানদণ্ড। সর্বদা মনে রাখবেন, নীতি বা নিয়ম মেনে না চললে গুরুতর পরিণতি হতে পারে এবং বাজারে Exyte-এর যে সুনাম আছে তা ক্ষতিগ্রস্ত হতে পারে। আমাদের কোম্পানির প্রতি আমাদের স্টেকহোল্ডাররা যে বিশ্বাস রাখে সেটাই আমাদের সবচেয়ে মূল্যবান সম্পদ। এই সম্পদ রক্ষা করার দায়িত্ব কোম্পানিতে পদ বা ভূমিকা নির্বিশেষে আমাদের সকলের।

আমার বোর্ড সহকর্মীরা এবং আমি আশা করছি আপনি Exyte-এর Code of Conduct বুঝতে পারবেন এবং কাজের সময় এটি মেনে চলবেন। মতামত জানানো এবং যখনই প্রয়োজন তখন পদক্ষেপ নেওয়া আপনার কর্তব্য। আপনি যদি অসদাচরণ দেখেন বা সন্দেহ হয়, অনুগ্রহ করে Exyte Compliance Team এর সাথে যোগাযোগ করুন।

Dr. Wolfgang Büchele
প্রধান কার্যনির্বাহী অফিসার

# 01 | আমাদের COMPLIANCE সংস্কৃতি

আমাদের উদ্দেশ্য প্রকৌশল থেকেও বেশি কিছু। অত্যাধুনিক সুবিধার মাধ্যমে, আমরা ডিজিটাল উদ্ভাবন এবং জীবনদায়ী ওষুধের উৎপাদনে পরিবর্তন আনতে পারি। আমরা সৎভাবে আইন মেনে উচ্চ-মানের প্রজেক্ট এবং পণ্য সরবরাহ করার ক্ষেত্রে এক শতাব্দীরও বেশি সময় ধরে দক্ষতার সাথে বিশ্বস্ত অংশীদার হওয়ার জন্য গর্ববোধ করি।

Exyte-এ, অখণ্ডতা ম্যানে সঠিক কাজ করা, এমনকি যখন কেউ দেখছে না তখনও। আমাদের Code of Conduct, Exyte-এর সমস্ত সহযোগী সংস্থার ক্ষেত্রে প্রযোজ্য এবং আমাাদের কর্মচারী এবং কোম্পানিকে রক্ষা করার জন্য একটি কাঠামো প্রদান করে। নিয়ন্ত্রণ এবং প্রক্রিয়া, যোগাযোগ এবং প্রশিক্ষণ, সেইসাথে পর্যালোচনা এবং পর্যবেক্ষণ হল আমাদের Compliance Management System এর প্রধান স্তম্ভ। এর মাধ্যমে এইসব ধারণা আমাদের ব্যবসায় সম্পৃক্ত করা হয়।

আপনি যদি অসদাচরণ দেখেন বা এমন হয়েছে বলে বিশ্বাস করেন, তাহলে মতামত জানানোর মাধ্যমে আপনি এই সংস্কৃতি প্রচার করতে পারেন। এমন হলে, আপনাকে **সরাসরি আপনার** Compliance **টিমের সাথে যোগাযোগ করতে** বা ethics@exyte.net এর মাধ্যমে Corporate Compliance Team এর সাথে যোগাযোগ করতে হবে। আমরা আপনাকে আশ্বাস দিচ্ছি যে অভিযোগ করা সমস্ত রিপোর্ট এতটাই গুরুত্ব সহকারে বিবেচনা করা হবে, গোপন রাখা হবে যাতে প্রতিশোধ নেওয়ার কোনো ঝুঁকি না থাকে। এছাড়াও, স্বাধীনভাবে তৃতীয় পক্ষ দ্বারা পরিচালিত আমাদের ডিজিটাল রিপোর্টিং সাইটে (www.speak-up.exyte.net) বেনামে রিপোর্ট করার বিকল্প পাবেন।

Speak Up!

It's the right way

আমরা আশা করি আমাদের ব্যবসায়িক অংশীদাররা আমাদের মতোই উচ্চ মানদণ্ড মেনে চলেন। আমাদের সাপ্লাই চেইন আমাদের প্রজেক্টের ডেলিভারির জন্য অপরিহার্য, তাই আমরা এমন অংশীদার নির্বাচন করি যারা আমাদের নীতিমালা বোঝে এবং মেনে চলে। Exyte Supply Chain Code of Conduct হল এই নথির পরিপূরক এবং আমরা যাদের সাথে অংশীদারীত্ব করি তারা এর থেকে নৈতিকভাবে ব্যবসা করার রূপরেখা পায়। তারা নিয়ম না মানলে সেই বিষয়েও আমাদের রিপোর্টিং সিস্টেমের মাধ্যমে রিপোর্ট করা যেতে পারে। এই ধরনের ঘটনার বিষয়ে জানানো আবশ্যক এবং তা প্রশংসনীয়।

# EXYTE-এর CODE OF CONDUCT মেনে চলা হলই সঠিক পদ্ধতি।

**সকলের**

Exyte-এর কর্মীদের জন্য।

আমাদের ব্যবসায়িক অংশীদারদের জন্য।

আমাদের ব্যবসায়িক অংশীদারদের জন্য।

**সকল স্থানে**

আমাদের অফিসে।

আমাদের নির্মাণ স্থলগুলোতে।

আমাদের উৎপাদন কেন্দ্রসমূহে।

**সর্বদা**

Compliance হল একটি মনোভাব।

# 02 | COMPLIANCE এর দায়বদ্ধতা

Exyte-এর Code of Conduct এ Exyte-এ কর্মরত প্রত্যেকের আচরণের রূপরেখা দেওয়া আছে। আমরা অভ্যন্তরীণভাবে কীভাবে যোগাযোগ করি ও কাজ করি এবং ক্লায়েন্ট, ব্যবসায়িক অংশীদার এবং অন্যান্য স্টেকহোল্ডারদের মতো তৃতীয় পক্ষের সাথে সম্পর্কের ভিত্তি প্রদান করি তা এখানে বলা আছে।

আশা করা হয় Exyte-এ বা এর হয়ে কাজ করা প্রত্যেকেই তাদের দৈনন্দিন ভূমিকায় Exyte-এর Code of Conduct বুঝবে, মেনে চলবে এবং প্রয়োগ করবে। বিশেষ করে, ম্যানেজাররা উচ্চ মানদণ্ড স্থির করে, দৃষ্টান্তের মাধ্যমে নেতৃত্ব দিয়ে এবং তাদের টিম আমাদের Compliance সংস্কৃতি বোঝে, মেনে চলে বলে নিশ্চিত করে এবং আমাদের কর্পোরেট নীতিমালা মেনে চলার মাধ্যমে একটি Compliance সংস্কৃতি গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

Compliance এর দায়বদ্ধতা কোম্পানির নিয়ম মেনে চলার থেকেও বেশি কিছু। এটি একটি মনোভাব। আমরা আস্থা রাখি Exyte-এ বা এর জন্য কাজ করা প্রত্যেকেই সঠিকভাবে ব্যবসা করার নির্দেশিকা হিসাবে আমাদের Compliance সংক্রান্ত নীতিমালা মেনে চলেন।

আইন বা Exyte-এর Code of Conduct এর Compliance বিমুখতা Exyte সহ্য করবে না এবং কঠোর অবস্থান নেবে, উদাহরণস্বরূপ শাস্তিমূলক ব্যবস্থা বা আইনি পদক্ষেপ।

আমাদের কাছে
**›› Compliance হল একটি মনোভাব।**



### উদাহরণ

একটি নতুন প্রজেক্টের ম্যানেজার হিসাবে, আপনি বিশ্বাস করেন যে Compliance এবং সততার বিষয়ে আপনার অবস্থান স্পষ্টভাবে জানিয়ে দেওয়া গুরুত্বপূর্ণ। সুতরাং, আপনি কর্মস্থলে লাইভ প্রশিক্ষণ কর্মশালায় আপনার প্রজেক্ট টিমের জন্য আপনার Compliance Officer কে সবচেয়ে গুরুত্বপূর্ণ করণীয় এবং কী করণীয় নয় তা স্পষ্ট করে জানানোর সিদ্ধান্ত নিয়েছেন। Compliance এর দায়বদ্ধতা পালন করা এবং Exyte-এ Compliance এর গুরুত্ব পুনঃনিশ্চিত করার জন্য এটি একটি ভালো উপায়।

# 03 | কর্মীদের প্রতি দায়িত্ব

Exyte হল কর্মী এবং গ্রাহক মুখাপেক্ষী একটি ব্যবসা। মানব সম্পদ হল আমাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ সম্পদ, আমরা তা বৃদ্ধি ও রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ।

কর্মীদের যত্ন নেওয়া আমাদের কৌশলের অন্যতম স্তম্ভ এবং আমাদের ব্যবসার প্রতিদিনের একটি নির্দেশক নীতি। একজন নিয়োগকর্তা হিসাবে Exyte-এর জন্য, সামাজিক দায়বদ্ধতার উপর জোর দেওয়ার ক্ষেত্রে বিস্তৃত পরিসর অন্তর্ভুক্ত, এতে যেমন রয়েছে প্রতিটি কর্মীর স্বতন্ত্র উন্নয়নের জন্য স্বচ্ছ কাজের পরিবেশ, তেমনই আছে একটি নিরাপদ এবং স্বাস্থ্যকর কাজের পরিবেশ নিশ্চিত করা। এই প্রচেষ্টার লক্ষ্য হল যারা Exyte-এ বা এর হয়ে কাজ করেন তাদের সকলের মৌলিক অধিকার সমর্থন করা: সমকক্ষ আচরণ এবং সম্মান পাওয়ার অধিকার।

আমরা আমাদের কর্মীদের সম্মান করি এবং তাদের মতামতের গুরুত্ব দিই। তবে, অন্যের অধিকার ক্ষুণ্ণ হলে বাকস্বাধীনতা খর্ব হয়। Exyte রাজনৈতিক এবং ধর্মীয় বিষয়ে নিরপেক্ষ অবস্থান বজায় রাখার চেষ্টা করে এবং আশা করে কর্ম-সম্পর্কিত সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মসহ কর্মক্ষেত্রে কর্মীরা একই কাজ করবেন।

Exyte সকল প্রযোজ্য আইন এবং আন্তর্জাতিক শ্রম সংস্থার (ILO) কর্মক্ষেত্রে মৌলিক নীতি ও অধিকার সংক্রান্ত ঘোষণায় মূল শ্রম মানদণ্ড মেনে চলে এমন একটি কর্মক্ষেত্র প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ এবং আমরা আশা করি আমাদের ব্যবসায়িক অংশীদাররা তাদের পক্ষ থেকে এগুলো মেনে চলার বিষয়ে নিশ্চিত করবে।

## আমরা সকল সম্পর্কের ভিত্তি হিসাবে সম্মানজনক আচরণ প্রত্যাশা করি

**›› Exyte-এর মধ্যে এবং ব্যবসায়িক অংশীদার, ক্লায়েন্ট বা অন্যান্য স্টেকহোল্ডারদের থেকে।**



## 3.1 মানবাধিকার

আমরা Exyte-এ বা এর হয়ে কাজ করা প্রত্যেকেরই সবচেয়ে মৌলিক অধিকার ও তাদের মানবাধিকার রক্ষা করি এবং সুরক্ষিত রাখি।

আমরা মানবাধিকারের আন্তর্জাতিকভাবে স্বীকৃত নীতিমালা মেনে চলতে প্রতিশ্রুতিবদ্ধ, বিশেষ করে আন্তর্জাতিক মানবাধিকার বিল এবং ইউনাইটেড নেশনের ব্যবসা এবং মানবাধিকার সম্পর্কিত নির্দেশক নীতিমালা (UN Guiding Principles on Business and Human Rights) (UN গ্লোবাল কমপ্যাক্ট), যেগুলোকে আমাদের Human Rights Policy ও কর্মসূচির ফ্রেমওয়ার্কে আমাদের ব্যবসায়িক প্রক্রিয়াসমূহের সঙ্গে আমরা সম্পৃক্ত করেছি।

আমরা সব ধরনের জোরপূর্বক এবং শিশুশ্রমের কঠোরভাবে বিরোধিতা করি এবং এমন একটি কর্মশক্তির উপর নির্ভর করি যারা স্বেচ্ছায় আমাদের সম্প্রদায়ের অংশ হতে চেয়েছেন। সেই লক্ষ্যে, আমরা ন্যায্যভাবে নিয়োগ করতে প্রতিশ্রুতিবদ্ধ, এর থেকে সমস্ত প্রযোজ্য আইন এবং শিল্পের মান অনুযায়ী আমাদের কাজের অবস্থা সম্পর্কে স্বচ্ছতা পাওয়া যায়।

আমরা এইসবের বিরুদ্ধে কঠোর অবস্থান নিই:
**›› শিশু এবং জোরপূর্বক শ্রম।**

## 3.2 DIVERSITY

সাংস্কৃতিক বৈচিত্র্য এমন একটি শক্তি যা আমাদের কোম্পানিতে সমৃদ্ধি এনে দেয় এবং এটিই আমাদের সাফল্যের মূল কারণ। আমরা বৈষম্য করি না এবং আমরা কোনো ধরনের বৈষম্য সহ্যও করি না। সকল কর্মীদেরকে একে অপরের সাথে সম্মানজনক আচরণ করতে বলা হয়। উদাহরণস্বরূপ, নিয়োগ বা সুবিধা সংক্রান্ত সিদ্ধান্ত সহ সমস্ত কর্মনিয়োগের সিদ্ধান্ত জাতি, জাতিগত উৎস, জাতীয়তা, লিঙ্গ, যৌন অভিমুখ, বর্ণ, ধর্ম বা বিশ্বাস, অক্ষমতা, বয়স বা আইন দ্বারা সুরক্ষিত অন্য কোনো অবস্থা নির্বিশেষে শুধুমাত্র দক্ষতা, যোগ্যতা এবং অভিজ্ঞতার উপর ভিত্তি করে নেওয়া হয়। আমরা আমাদের কর্মীদের নিয়ে গর্ব করি, তাদের পার্থক্য থেকে উপকৃত হই এবং স্বতন্ত্রভাবে তাদেরকে তুলে ধরা হয়।

আমরা আশা করি, সমস্ত ম্যানেজার নেতৃত্ব দানের ক্ষেত্রে দৃষ্টান্ত তৈরি করবেন এবং তাদের দায়িত্বের ক্ষেত্রটি বৈষম্য ও হয়রানিমুক্ত বলে নিশ্চিত করবেন।

›› আরও পড়ুন: Human Rights Policy

আমরা
**›› সবাইকে সমান মনে করি ও সম্মানের সঙ্গে আচরণ করি।**




**উদাহরণ**

আপনি শুনলেন যে একজন সহকর্মী জাতীয়তা, লিঙ্গ, যৌন অভিযোজন বা ত্বকের রঙের ভিত্তিতে লোকদের সম্পর্কে অসম্মানজনক মন্তব্য করছেন। নিজের প্রতি বিশ্বাস থাকলে, তৎক্ষণাৎ এই বৈষম্যের বিরুদ্ধে হস্তক্ষেপ করুন, নাহলে অবিলম্বে আপনার ম্যানেজারের কাছে রিপোর্ট করুন বা আমাদের Speak Up সিস্টেম ব্যবহার করুন।


# 04 | ব্যক্তিগত ডেটা

Exyte-এ আমরা নিশ্চিত যে আমাদের সাফল্য, অন্যান্য বিষয়ের মধ্যে, আমাদের কর্মী, গ্রাহক, সাব-কন্ট্রাক্টর এবং অন্যান্য ব্যবসায়িক অংশীদারদের ব্যক্তিগত ডেটা প্রক্রিয়াকরণের উপর যে আস্থা রয়েছে তার উপর নির্ভর করে। তাই, Exyte ব্যক্তিগত ডেটার সুরক্ষার বিষয়ে খুবই গুরুত্ব দেয়। কীভাবে ব্যক্তিগত ডেটা সংগ্রহ এবং ব্যবহার করি সেই সম্পর্কে স্বচ্ছ থাকতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ এবং আমরা শুধুমাত্র প্রযোজ্য আইন, বিশেষ করে EU জেনারেল ডেটা প্রোটেকশন রেগুলেশন অনুসারে প্রক্রিয়া করি।

Exyte ব্যক্তিগত ডেটার যথাযথ সুরক্ষা নিশ্চিত করার জন্য প্রযুক্তিগত এবং সাংগঠনিক ব্যবস্থা নিয়েছে। আমাদের Data Protection Policy তে সেই ভিত্তির বিষয়ে বলা আছে যার মাধ্যমে Exyte কর্মী, গ্রাহক, সাপ্লায়ার এবং অন্যান্য ব্যবসায়িক অংশীদারদের ব্যক্তিগত ডেটা সংগ্রহ, ব্যবহার, প্রকাশ বা অন্যথায় প্রক্রিয়া করতে পারে এবং Exyte-এর সমস্ত সদস্যরা এই ব্যবস্থা বাস্তবায়ন করবে বলে আশা করা হয়।

আরও পড়ুন: Data Protection Policy

আমরা
**›› আপনার ব্যক্তিগত ডেটা সুরক্ষিত রাখি।**



**উদাহরণ**

Exyte-এর প্রজেক্ট ম্যানেজার হিসাবে আপনি সাইটে কাজ করা সাব-কন্ট্রাক্টর কর্মীদের ইমেল ঠিকানা সহ একটি তালিকা পেয়েছেন। আপনি বুঝলেন যে এটি ব্যক্তিগত ডেটা এবং এটিকে অভ্যন্তরীণভাবে কীভাবে শেয়ার করতে হবে কিনা তা সিদ্ধান্ত নিতে একটু সময় নিন। এটি অনুমোদিত কর্মীদের কাছে পাঠানোর আগে, আপনি Data Protection Officer এর কাছ থেকে এটি শেয়ার করার সবচেয়ে নিরাপদ উপায় এবং এটির প্রক্রিয়াকরণ ও সংরক্ষণের জন্য আইনি প্রয়োজনীয়তা সম্পর্কে পরামর্শ চেয়ে নিন

# 05 | স্বার্থের সংঘাত

আমাদের ব্যবসায়িক সিদ্ধান্তগুলো কেবল উদ্দেশ্যের মানদণ্ডের উপর ভিত্তি করে নেওয়া হয় এবং ব্যক্তিগত স্বার্থ দ্বারা প্রভাবিত হবে না। যদিও আমরা আপনাদের ব্যক্তিগত জীবনকে সম্মান করি, তাহলেও আমরা চাই আপনার কর্মক্ষেত্র থেকে এটি আলাদা রাখুন। আপনার পেশাগত আচরণে, আমরা আশা করি আপনি সততার সাথে কাজ করবেন এবং Exyte-এর সর্বোত্তম স্বার্থে সিদ্ধান্ত নেবেন। যখন আপনার ব্যক্তিগত স্বার্থের সঙ্গে Exyte-এর স্বার্থে দ্বন্দ্ব হয় তখন স্বার্থের সংঘাত দেখা দেয়। বাস্তব হোক বা সম্ভাব্য, স্বার্থের কোনো সংঘাত থাকলে তা প্রকাশ করার দায়িত্ব আপনারই।

Exyte-এর স্বার্থের সংঘাত নীতিতে এমন সব পরিস্থিতির বিষয়ে তুলে ধরা হয়েছে যেগুলো সাধারণত স্বার্থের সংঘাতের কারণের সঙ্গে যুক্ত, যেমন কর্মক্ষেত্রে ব্যক্তিগত সম্পর্ক এবং ব্যবসায়িক অংশীদারদের সাথে সম্পর্ক বা এমনকি প্রতিযোগী বা সাপ্লায়ারের কাছে গৌণ কর্মসংস্থান (অন্য সমস্ত গৌণ কর্মসংস্থান প্রযোজ্য HR পদ্ধতি দ্বারা পরিচালিত)। যতক্ষণ না পরিস্থিতি এবং সংশ্লিষ্ট ঝুঁকি চিহ্নিত করা হয়, যথাযথভাবে রিপোর্ট করা হয় এবং কার্যকরভাবে পরিচালিত হয় ততক্ষণ স্বার্থের সংঘাত ভুল বা অনৈতিক নয়।

আমাদের স্বার্থের সংঘাত নীতির শর্তাবলীর সাথে সুপরিচিত হন এবং কোনো সন্দেহ থাকলে কমপ্লায়েন্স টিমের কাছ থেকে পরামর্শ নিন। আপনি যদি এমন একটি পরিস্থিতিতে পড়েন যেখানে সেটি সংঘাত হিসাবে বিবেচিত হতে পারে, তাহলে এর স্বচ্ছতা নিশ্চিত করতে এবং অখণ্ডতা বজায় রাখতে দেরি না করে Compliance টিম বা আপনার লাইন ম্যানেজারকে জানান। স্বার্থের সংঘাত সক্রিয়ভাবে পরিচালনা করার মাধ্যমে, আমরা আমাদের সহকর্মী এবং ব্যবসায়িক অংশীদারদের বিশ্বাস ও আস্থা রক্ষা করতে পারি।

আরও পড়ুন: Conflict of Interest Policy

আমরা
**›› প্রকাশ করি।**



**উদাহরণ**

আপনি প্রকিউরমেন্ট বিভাগে কর্মরত এবং আপনার স্ত্রী আমাদের এক সাপ্লায়ারের কাছে সেলস ম্যানেজারের চাকরি পেয়েছেন। আপনার ম্যানেজার এবং Compliance টিমকে এই ব্যক্তিগত সম্পর্কের ব্যাপারে জানান, কারণ ব্যক্তিগত পক্ষপাতের পরিস্থিতি হতে পারে। স্বার্থের সংঘাতের পরিস্থিতি এড়াতে সাপ্লায়ারের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়া থেকে নিজেকে সরিয়ে নিন।

# 06 | কোম্পানির সংস্থান

## 6.1 সম্পদ

Exyte-এ আপনার কাজ সম্পাদন করার জন্য প্রয়োজনীয় সমস্ত যন্ত্র ও সরঞ্জাম আপনি পাবেন। Exyte-এর ভৌত সম্পত্তি, মেধা সম্পত্তি এবং তথ্যের ক্ষতি, লোকসান, আপোস এবং অপব্যবহার থেকে রক্ষা করার দায় আপনার। আপনি শুধুমাত্র ব্যক্তিগত উদ্দেশ্যেই কোম্পানির সম্পদ ব্যবহার করতে পারেন যদি এটি আমাদের অভ্যন্তরীণ নিয়ম বা অনুমোদিত কর্মীদের দ্বারা স্পষ্টভাবে অনুমোদন করা হয়।

আশা করা হয় কোম্পানির সম্পদ ব্যবহার করার বিষয়ে কর্মীদের সচেতন এবং দায়িত্বশীল থাকবেন। এর মধ্যে রয়েছে, উদাহরণস্বরূপ, নির্দেশ অনুসারে সরঞ্জাম ব্যবহার করা বা অপ্রয়োজনীয় ভ্রমণ এবং ব্যয়বহুল বাসস্থান এড়ানো। এইসব পদক্ষেপ নিয়ে, আপনি সরাসরি Exyte-এর সামগ্রিক কর্মক্ষমতা উন্নত করতে পারেন।

## 6.2 ডেটা

Exyte-এর সাফল্যের চাবিকাঠি হল জ্ঞান এবং কীভাবে করতে হয় তা জানা। Exyte-এর ব্যবসার গোপনীয়তা এবং অন্যান্য গোপনীয় তথ্য সুরক্ষিত রাখা আমাদের কোম্পানির ভবিষ্যতের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের ব্যবসায়িক অংশীদাররা আমাদেরকে প্রজেক্ট পাওয়ার আগে ও পরে যে তথ্য দিয়েছেন সেই তথ্য সুরক্ষিত রাখার ক্ষেত্রেও এই একই সচেতনতা ও সতর্কতা বজায় রাখতে হবে। Exyte-এর হোক বা আমাদের ব্যবসায়িক অংশীদারদের হোক সমস্ত গোপনীয় তথ্য অবশ্যই দায়িত্বের সাথে পরিচালনা করতে হবে। গোপনীয় তথ্য চিহ্নিত করে নিরাপদে সংরক্ষণ করুন এবং জানার প্রয়োজন আছে এমন অনুমোদিত কর্মীদের ছাড়া আর অন্য কাউকে প্রবেশাধিকার দেবেন না। আপনি কর্মরত অবস্থায় যে গোপনীয় তথ্য জেনেছেন তা চাকরি করাকালীন বা চাকরি ছাড়ার পরেও কোনোভাবে প্রকাশ করবেন না।

আমরা কোম্পানির সংস্থান
**›› সচেতনভাবে ব্যবহার করি।**




**উদাহরণ**

আপনি Exyte-এর প্রজেক্টে কাজ করছেন এমন একজন ইঞ্জিনিয়ার। অন্য কোম্পানিতে কর্মরত একজন বন্ধুর সাথে কথোপকথনে তিনি আমাদের প্রজেক্ট সম্পর্কে বিস্তারিত জানার আগ্রহ দেখালেন। আপনি বিনীতভাবে কোনো সুনির্দিষ্ট তথ্য শেয়ার করতে অস্বীকার করে তাকে মনে করিয়ে দেবেন যে প্রজেক্টের বিবরণ গোপনীয়।

# 07 | ঘুষ ও দুর্নীতি

## 7.1 আমাদের সাধারণ অবস্থান

Exyte দুর্নীতি এবং ঘুষের বিরুদ্ধে দৃঢ় অবস্থান নেয়। আমরা আমাদের ব্যবসায়িক অংশীদারদের কাছ থেকেও একইরকম প্রত্যাশা রাখি। আমরা কোথাও কখনও কাউকে ঘুষ দিই না।

ব্যবসার ক্ষেত্রে বা সামাজিক প্রথায় অনেক পদ্ধতিতেই ঘুষ দেওয়া-নেওয়া হতে পারে। Exyte-এ, আমরা আমাদের ক্লায়েন্টদের এবং অন্যান্য ব্যবসায়িক অংশীদারদেরকে অনুপযুক্তভাবে প্রভাবিত করার পরিবর্তে আমাদের পরিষেবা এবং পণ্যের গুণমান দিয়ে আকর্ষণ করতেই গর্ব অনুভব করি। Exyte-এর কর্মী এবং Exyte-এর হয়ে কাজ করা যে কেউ সিদ্ধান্ত নেওয়া বা কোনো কাজকে অন্যভাবে প্রভাবিত করার জন্য প্রত্যক্ষ বা পরোক্ষভাবে মূল্যবান কিছু প্রস্তাব, প্রতিশ্রুতি বা প্রদান, অনুরোধ বা গ্রহণ করবেন না। এই নিয়ে সন্দেহ হলে, আপনাকে Exyte Compliance Team এর সাথে পরামর্শ করতে হবে।

সৌজন্যের খাতিরে ছোট উপহার বা মিটিংয়ের পরে বিজনেস মিলের আমন্ত্রণ অনেক অঞ্চলে ব্যবসায়িক রীতির মধ্যে পড়ে। তবুও, এই ধরনের বন্ধুত্বপূর্ণ ভঙ্গিমা ভুল করে ব্যবসায়িক অংশীদারকে অন্যভাবে প্রভাবিত করার চেষ্টা বলে মনে করা হতে পারে। আমাদের অখণ্ডতা সম্পর্কে পক্ষপাতিত্বের মনোভাব বা উদ্বেগ আটকাতে এবং কর্মী ও কোম্পানিকে সুরক্ষিত করতে, Exyte-এর Anti-Bribery and Corruption Policy তে এই ধরনের পরিস্থিতি সামলানোর বিষয়ে বলা আছে।

অনুগ্রহ করে মনে রাখবেন, আপনার ব্যবসায়িক অংশীদারের জায়গায় আরও কঠোর নিয়ম এবং বিধিনিষেধ থাকতে পারে। অতএব, তাদেরকে মূল্যবান কিছু দেওয়ার আগে সর্বদা তাদের Code of Conduct দেখে নেবেন।

আমরা

**›› কোথাও কখনও কাউকে ঘুষ দিই না।**



## আমাদের ব্যবসায়িক অংশীদারদের কাছে নিজেদের প্রমাণ করতে আমরা কার্যক্ষমতা এবং অখণ্ডতা উপর ভরসা করি, উপহার বা আমন্ত্রণ দিয়ে নয়

**CEO Dr. W. Büchele**

নিয়ম অনুযায়ী আমরা সাধারণত উপহার এবং আমন্ত্রণ থেকে নিজেদেরকে বিরত রাখি। যদি কোনো ব্যতিক্রমী ক্ষেত্রে, আমরা কিছু প্রস্তাব বা গ্রহণ করার সিদ্ধান্ত নিই, তবে তা অবশ্যই যুক্তিসঙ্গত মূল্যের এবং নির্দিষ্ট পরিস্থিতিতে উপযুক্ত হতে হবে। এই সম্পর্কিত নিয়ম Exyte-এর Anti-Bribery and Corruption Policy তে বিশদে বলা আছে। এছাড়াও এর মাধ্যমে উপহারের জন্য অর্থ সীমা এবং আমন্ত্রণের জন্য নির্দিষ্ট পদ্ধতির বিষয়ে বলা আছে।

অর্থ সীমার কম মূল্যের উপহার সৌজন্যতার খাতিরে দেওয়া বা গ্রহণ করা যেতে পারে যদি সেগুলো কোনোভাবেই প্রাপককে অনুপযুক্তভাবে প্রভাবিত না করে।

বিপরীতে, বিজনেস মিল এবং ইভেন্টে আমন্ত্রণ করতে বা গ্রহণ করার জন্য কোনো সীমা Exyte-এ নেই। যদিও বিজনেস মিলের আমন্ত্রণ তখনই জারি বা গ্রহণ করা যেতে পারে যদি সেগুলো যুক্তিসঙ্গত মূল্যের হয় এবং সংশ্লিষ্ট পরিস্থিতিতে উপযুক্ত হয়, ইভেন্টের আমন্ত্রণের জন্য Anti-Bribery and Corruption Policy অনুসারে আমাদের Compliance টিমের পূর্বানুমোদন প্রয়োজন।

## 7.3 সরকারি কর্মকর্তা

সরকারি কর্মকর্তাদের সাথে কাজ করার সময় দুর্নীতি দমন আইন লঙঘনের ঝুঁকি উল্লেখযোগ্যভাবে বেশি। এই কারণে, সরকারি কর্মকর্তাদের কিছু দেওয়া বা প্রস্তাব করা কঠোরভাবে নিষিদ্ধ।

মনে রাখবেন, অনেক দেশে শুধুমাত্র আমলাদেরই সরকারি কর্মকর্তা হিসাবে গণ্য করা হয় না বরং রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানির কার্যনির্বাহী কর্মকর্তা, সরকারি কাজে যুক্ত এমন বেসরকারি সংস্থা (যেমন, বিদ্যুত সরবরাহকারী) বা আন্তর্জাতিক সংস্থার কর্মকর্তা ও কর্মীদেরকেও গণ্য করা হয়। সম্ভাব্য সরকারি কর্মকর্তাকে কিছু দেওয়ার আগে আপনাকে অবশ্যই Compliance টিমের সাথে পরামর্শ করতে হবে।

»» আরও পড়ুন: Anti-Bribery and Corruption Policy




### আমন্ত্রণের উদাহরণ

কোনো সাব-কন্ট্রাক্টরের ম্যানেজিং ডিরেক্টর বহু বছর ধরে শক্তিশালী ব্যবসায়িক সম্পর্ক উদযাপন করতে আপনাকে একটি ব্যয়বহুল রেস্তোরাঁয় আমন্ত্রণ জানিয়েছেন। সেই কোম্পানি দরপত্রে অংশ নিচ্ছে, তাই আপনি আমন্ত্রণ গ্রহণ না করার সিদ্ধান্ত নিয়েছেন। কারণ এটি আমাদের সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ার উপর অনুপযুক্ত প্রভাব ফেলতে পারে। অনিশ্চিত বোধ করলে, সর্বদা Compliance টিমের কাছ থেকে পরামর্শ নিন।

## 7.4 জড়িত এজেন্ট এবং পরামর্শদাতা

ব্যবসা অধিগ্রহণ বা নতুন বাজারে প্রবেশের জন্য মধ্যস্থতাকারীদের ব্যবহার করা হলে তা ঝুঁকিপূর্ণ বলে প্রমাণিত হয়েছে। এই ধরনের কনসালটেন্ট সংস্থাগুলোর কার্যকারিতা পরিমাপ করা কঠিন, এবং মার্জিন স্বচ্ছ হয় না, যার অর্থ ঘুষ দেওয়ার জন্য তহবিলের অপব্যবহার হতে পারে। এই কারণে, Exyte-এ ক্লায়েন্ট প্রজেক্ট বা ব্যবসা পাওয়ার জন্য কনসালটেন্ট সংস্থাকে জড়িত করা নিষিদ্ধ। এই সাধারণ নিষেধাজ্ঞা প্রজেক্টের আকার, পারিশ্রমিক বা অন্য কোনো পরিস্থিতি নির্বিশেষে প্রযোজ্য। সাধারণত, আমরা কনসালটেন্ট ব্যবহার করা সীমিত রাখি। আমরা শুধুমাত্র ব্যতিক্রমী ক্ষেত্রে কনসালটেন্টদের নিযুক্ত করি এবং এই সিদ্ধান্ত Exyte Consultancy Policy সাপেক্ষে।

আরও পড়ুন: Consultancy Policy

## 7.5 অনুদান এবং পৃষ্ঠপোষকতার জন্য নিয়ম

ভালো কর্পোরেট সংস্থা হিসাবে, Exyte আমাদের সম্প্রদায়ের দাতব্য এবং অলাভজনক সংস্থা ও উদ্যোগদের সহায়তা করে। তবুও, কোনো দান বা পৃষ্ঠপোষকতার দাতব্য উদ্দেশ্য হলেও, সেটি ঘুষ হতে পারে। প্রতিযোগিতামূলক সুবিধা অর্জনের জন্য অনুপযুক্ত প্রভাব বিস্তার এড়াতে, আমাদের ব্যবসার সাথে জড়িত বা তার কাছাকাছি এমন কাউকে অনুদান দেওয়া এবং পৃষ্ঠপোষকতা করা হবে না। সমস্ত দান এবং পৃষ্ঠপোষকতা বিষয়ক ব্যয় করার আগে Exyte-এর ঘুষ বিরোধী নীতি অনুসারে অনুমোদন প্রয়োজন।

আরও পড়ুন: Anti-Bribery and Corruption Policy



# 04 | আর্থিক রেকর্ডের জালিয়াতি এবং অখণ্ডতা

জালিয়াতি আমাদের কোম্পানির উপর ধ্বংসাত্মক প্রভাব ফেলতে পারে, এর ফলে আর্থিক ক্ষতি হতে পারে বা Exyte-এর সুনাম ও আমাদের প্রতি স্টেকহোল্ডারদের বিশ্বাস উঠে যেতে পারে। বিভিন্নভাবে এমন হতে পারে, সবকটিতেই আর্থিক বিবৃতি (ফাইন্যান্সিয়াল স্টেটমেন্ট বা ব্যবসায়িক লেনদেনের বিবরণ ইচ্ছাকৃতভাবে ভুল দেখানো হয়। মনে রাখবেন এমন করা ঠিক নয়, এমনকি এতে কোম্পানির জন্য ব্যক্তিগত সুবিধা বা লাভ না হলেও। অখণ্ডতা বজায় রাখতে, আমরা কার্যকর নিয়ন্ত্রণের মাধ্যমে জালিয়াতি প্রতিরোধ করি এবং যেকোনো সম্ভাব্য সমস্যার প্রথমেই অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করি।

আমাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ নিয়ন্ত্রণগুলোর মধ্যে একটি হল চার-চোখ নীতি। এটি সমস্ত ব্যবসায়িক লেনদেন এবং প্রধান সিদ্ধান্তগুলোর জন্য প্রযোজ্য। এই নীতি অনুসারে সংশ্লিষ্ট লেনদেনের সাথে জড়িত দুই অনুমোদিত কর্মী দ্বারা স্বাধীন মূল্যায়ন এবং নিয়ন্ত্রণ প্রয়োজন। Exyte-এর অভ্যন্তরীণ প্রবিধান অনুযায়ী লিখিত বহিরাগত চিঠিপত্রের জন্য সাধারণত অনুমোদিত স্বাক্ষরকারীদের থেকে দুটি স্বাক্ষরের প্রয়োজন হয়।

আমাদের বাহ্যিক আর্থিক রিপোর্টের জন্য নির্ভুলতা এবং স্বচ্ছতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা যথাসময়ে এবং জাতীয় ও আন্তর্জাতিক অ্যাকাউন্টিং প্রবিধান অনুযায়ী আমাদের পর্যায়ক্রমিক আর্থিক বিবৃতি (ফাইন্যান্সিয়াল স্টেটমেন্ট) প্রকাশ করি। যে কোনো অনিয়ম কোম্পানির জন্য এবং সেইসাথে এই ধরনের অনিয়মের জন্য দায়ী কর্মীদের জন্য গুরুতর পরিণতি হতে পারে।

Exyte-এর আর্থিক অ্যাকাউন্টগুলোর ভিত্তি তৈরি করে এমন সঠিক এবং স্বচ্ছ আর্থিক রেকর্ড বজায় রাখার প্রয়োজনীয়তা সমস্ত অভ্যন্তরীণ আর্থিক তথ্যের ক্ষেত্রে প্রযোজ্য। যেমন, প্রজেক্ট টিমের প্রতিটি সদস্য বাণিজ্যিক তথ্য এবং প্রজেক্টের পরিসংখ্যান সঠিক এবং বাস্তবসম্মত কিনা তা নিশ্চিত করার জন্য দায়বদ্ধ।

আমরা

**›› নির্ভুলতা এবং স্বচ্ছতা সহকারে রিপোর্ট করি।**



## উদাহরণ

আপনি একজন ম্যানেজার এবং আপনার টিমের একজন নতুন সদস্যের জন্য জরুরি ভিত্তিতে একটি ল্যাপটপ প্রয়োজন, কারণ তার আইটি সরঞ্জাম এখনও দেওয়া হয়নি। আপনি উদ্বিগ্ন কারণ অভ্যন্তরীণ প্রকিওরমেন্ট প্রক্রিয়া খুব ধীর হতে পারে, তাই আপনি এটি আপনার ক্রেডিট কার্ড দিয়ে কেনার এবং ভ্রমণের ব্যয় হিসাবে কোম্পানির কাছে থেকে সেই খরচ নেওয়ার বিবেচনা করলেন। পরে আপনি বুঝতে পারলেন যে এটি আমাদের অভ্যন্তরীণ নীতির সাথে সঙ্গতিপূর্ণ হবে না এবং এর ফলে ভুল আর্থিক রিপোর্ট তৈরি হতে পারে। আপনি আপনার টিমের সাথে পরিস্থিতি নিয়ে আলোচনা করুন এবং বিকল্প অন্তর্বর্তী সমাধান খুঁজুন।

# 09 | ন্যায্য শর্তে প্রতিদ্বন্দ্বিতা

Exyte-এ, আমরা ন্যায্য, আইনসম্মত এবং উন্মুক্ত প্রতিযোগিতায় বিশ্বাস করি। Exyte-এর সাফল্য নির্ভর করে আমাদের কর্মীদের উপর, আমাদের পরিষেবা ও পণ্যের গুণমানের উপর এবং আমাদের গ্রাহককেন্দ্রিকতার উপর। আমরা সবসময় প্রতিযোগিতার আইন মেনে চলব। আমরা কখনোই সঙ্গতিপূর্ণ অনুশীলন বা প্রতিযোগীদের সাথে সহযোগিতা করে আমাদের ক্লায়েন্টদের আস্থা ঝুঁকির মধ্যে ফেলব না। আমাদের নীতি আপোস করে দরপত্রে অংশগ্রহণ বা প্রতিযোগীদের সাথে মিলে মূল্য নির্ধারণের মাধ্যমে আমরা মূল্য বা অন্যান্য বাণিজ্যিক শর্তাবলী এবং কৌশল সম্পর্কিত তৃতীয় পক্ষের সাথে কোনো ধরনের প্রতিযোগিতা-বিরোধী চুক্তি করি না। এটি শুধুমাত্র আনুষ্ঠানিক চুক্তির ক্ষেত্রেই প্রযোজ্য নয়, প্রতিযোগিতা সীমিত করতে এমন যেকোনো ধরনের অনানুষ্ঠানিক ব্যবস্থার ক্ষেত্রেও প্রযোজ্য। যেহেতু প্রতিযোগীদের মধ্যে বাণিজ্যিকভাবে সংবেদনশীল তথ্যের আদান-প্রদান নিষিদ্ধ, তাই যে কোনো প্রতিযোগিতা-বিরোধী অভিপ্রায় নির্বিশেষে, তথ্যের প্রাপ্তি বা প্রকাশ করার ফলেও প্রতিযোগিতা আইনের লঙ্ঘন হতে পারে।

যদি প্রতিদ্বন্দ্বী সংস্থার কোনো কর্মী বাণিজ্যিকভাবে সংবেদনশীল তথ্য নিয়ে আলোচনা করতে বা আমাদের ব্যবসায়িক অংশীদারদের প্রতি মূল্য বা শর্তাবলী প্রভাবিত করতে পারে এমন ব্যবস্থা করার জন্য আপনার সঙ্গে যোগাযোগ করে, তাহলে আপনাকে অবশ্যই স্পষ্টভাবে এই ধরনের আলোচনা বা ব্যবস্থায় জড়িত হওয়া ব্যাপারে নাকচ করতে হবে এবং অবিলম্বে Exyte Compliance Team কে ঘটনাটি জানাতে হবে।

আমরা
**›› ন্যায্য শর্তে প্রতিদ্বন্দ্বিতা করি।**



**উদাহরণ**

কোনো নেটওয়ার্কিং ইভেন্টে, একজন প্রতিযোগী আকস্মিকভাবে উল্লেখ করেন যে ভবিষ্যতে নির্দিষ্ট ধরনের প্রজেক্টে একে অপরের বিরুদ্ধে বিডিং এড়িয়ে চলুন, এর ফলে কোম্পানিগুলোর জন্য পারস্পরিকভাবে উপকার হতে পারে। আপনি স্পষ্টভাবে বললেন যে Exyte কোনো প্রকার প্রতিযোগিতা বিরোধী চুক্তিতে জড়িত হবে না। আপনি বিষয়টি নিয়ে আরও আলোচনা করতে চাইলেন না এবং Compliance টিমের কাছে ঘটনাটি জানালেন।

# 10 | নিষেধাজ্ঞা এবং রপ্তানি নিয়ন্ত্রণ

Exyte-এ, আমরা রপ্তানি নিয়ন্ত্রণের গুরুত্ব বুঝি। এর মধ্যে সামগ্রী, সফ্টওয়্যার এবং প্রযুক্তির মতো পণ্য রপ্তানি বা স্থানান্তরের উপর বিধিনিষেধও জড়িত রয়েছে। যদিও যেকোনো ক্ষেত্রে এই ধরনের বিধিনিষেধ অস্ত্র এবং সামরিক সামগ্রীর উপর প্রযোজ্য, তবে বেসামরিক এবং সামরিক Dual-Use করা হতে পারে এবং অনেক উচ্চ প্রযুক্তির ব্যবহারের অংশ হতে পারে এমন দ্বৈত-ব্যবহারের পণ্যের ক্ষেত্রে বিশেষ নজরদারি প্রয়োজন। জাতীয় ও বৈশ্বিক নিরাপত্তা উদ্দেশ্য বিরোধী কর্মকাণ্ডে সেগুলোর ব্যবহার প্রতিরোধ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

বিশ্বব্যাপী একাধিক প্রজেক্ট এবং কার্যালয় থাকা একটি বৈশ্বিক কোম্পানি হিসাবে, Exyte রপ্তানির নিয়মকানুন এবং সেগুলো সম্পর্কিত বিধিনিষেধ এবং নিয়ন্ত্রণ প্রক্রিয়া মেনে চলে। Exyte-এর রপ্তানি নিয়ন্ত্রণ নীতি সমস্ত প্রাসঙ্গিক রপ্তানি নিয়ন্ত্রণ আইন এবং প্রবিধান মেনে চলা নিশ্চিত করার জন্য এবং আমাদের কর্মকাণ্ড যেন অননুমোদিত বা ক্ষতিকারক কার্যকলাপে যুক্ত না হয় তা প্রতিরোধ করার জন্য একটি শক্তিশালী কাঠামো স্থাপন করেছে।

আমরা সিদ্ধান্ত নেওয়ার আগে
**›› নিয়মাবলী সম্পর্কে সচেতন হয়ে কোম্পানিকে সুরক্ষিত রাখি।**




## উদাহরণ

আপনার ক্লায়েন্ট আপনাকে সরঞ্জামে একটি নতুন ধরনের ভালভ ব্যবহার করতে বলেছে, আমরাই এগুলো তাদের জন্য তৈরি করি। যদিও আপনার মনে হল যে সাধারণ ভালভ প্রাসঙ্গিক হতে পারে না, তাহলেও আপনি অবশেষে আপনার Export Control Officer কে পরিস্থিতিটি দেখতে বলার সিদ্ধান্ত নিলেন। আপনি যখন বুঝতে পারলেন ভালভটি Dual-Use সামগ্রী, তখন আপনি বুঝতে পারলেন যে সময়মত পরামর্শ নিয়ে আপনি ঠিক করেছেন।

# 11 | আচরণবিধি এর বাস্তবায়ন

Exyte-এ Compliance হল উপহারের সীমা জানা বা বছরে একবার বাধ্যতামূলক Compliance প্রশিক্ষণ নেওয়ার চেয়েও বেশি কিছু। আমরা Compliance সংস্কৃতি নিয়ে আসার প্রয়াস করছি। এখানে Compliance হল একটি **মনোভাব** এবং আমাদের নিয়ম ও পদ্ধতি আমাদের ব্যবসায়িক প্রক্রিয়াগুলোর মধ্যে সম্পৃক্ত থাকে।

আশা করা হচ্ছে Exyte-এর জন্য কাজ করা প্রত্যেকের কাছে এই Code of Conduct এর ধারণা বোধগম্য হবে এবং তারা তাদের কাজের অংশ হিসাবে তাদের সেগুলো প্রয়োগ করবেন। যখনই সন্দেহ হবে তখনই পরামর্শ নিন এবং কিছু ভুল মনে হলে জানান।

Exyte-এ মেনে চলার গুরুত্বের ওপর জোর দেওয়ার এবং অখণ্ডতার ক্ষেত্রে রোল মডেল হিসাবে কাজ করার অতিরিক্ত দায়িত্ব ম্যানেজারদের।

Compliance সংস্কৃতি হল একটি যৌথ প্রচেষ্টা। আমরা সকলে এর
›› **দায়বদ্ধতা নিলে তবেই তা অর্জন করা যেতে পারে।**




প্রত্যেক ম্যানেজার
**» তাদের কাজের ক্ষেত্রে Compliance নিশ্চিত করার জন্য দায়বদ্ধ।**

# Speak Up!

It's the right way

# আপনার যোগাযোগের বিকল্প:

- **Dr. Steffen Liebendörfer**
  Vice President Compliance
  Exyte Management GmbH
  70376 Stuttgart
  Germany
  ফোন: +49 711 8804-1045
  steffen.liebendoerfer@exyte.net

- ethics@exyte.net

- www.speak-up.exyte.net

exyte

# প্রযুক্তির ভবিষ্যৎকে প্রাণবন্ত করে তোলা

COMPLIANCE
» The right way « exyte

03/2025 bn

